# ভোলায় বিএনপি-বিজেপি সংঘর্ষে রণক্ষেত্র, আহত অর্ধশতাধিক



সংগৃহীত ছবি

ভোলায় বিএনপি ও বিজেপির পাল্টাপাল্টি কর্মসূচিকে ঘিরে উত্তেজনা ছড়িয়ে পড়ে, যা পরিণত হয় সহিংস সংঘর্ষে। শনিবার (১ নভেম্বর) দুপুরে শহরের নতুন বাজার এলাকায় এ সংঘর্ষে অন্তত ৫০ জন আহত হয়েছেন।

স্থানীয়রা জানান, সকাল থেকে জেলা বিএনপি ও বিজেপি পৃথকভাবে নিজেদের রাজনৈতিক কর্মসূচি পালন করছিল। একপর্যায়ে বিজেপির সহযোগী সংগঠনের নেতাকর্মীরা নতুন বাজারে দলীয় কার্যালয়ের সামনে থেকে মিছিল বের করেন, যা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে আবারও একই স্থানে এসে শেষ হয়।

এদিকে, শহরের মহাজনপট্টিতে বিএনপি নেতাকর্মীরাও তাদের সমাবেশ শেষে মিছিল নিয়ে নতুন বাজারের দিকে এগোতে থাকেন। পৌর ভবনের সামনে পৌঁছালে দুই পক্ষের মধ্যে প্রথমে বাকবিতণ্ডা এবং পরে ইটপাটকেল ও লাঠিসোটা নিয়ে সংঘর্ষ শুরু হয়। মুহূর্তেই এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।

সংঘর্ষে উভয় দলের অর্ধশতাধিক কর্মী আহত হন। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে ছুটে যায় পুলিশ এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আহতদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

LENS ASIA